গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mochta.gov.bd

**বার্ষিক উন্নয়ন কর্মসূচি সংক্রান্ত ডিসেম্বর/২০২৫ মাসের পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ মিজানুর রহমান<br>সচিব |
| সভার তারিখ | ২৫ জানুয়ারি ২০২৬ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.৩০ টা |
| স্থান | সভাকক্ষ, পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স, বেইলি রোড, ঢাকা |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক। |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। মাননীয় উপদেষ্টার শুভেচ্ছা বক্তব্যের পর সভাপতি সভার কার্যপত্র উপস্থাপনের জন্য উপসচিব (উন্নয়ন)-কে অনুরোধ জানান। উপসচিব (উন্নয়ন) নিম্নরূপ আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

**০২। আলোচ্যসূচি-০১: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ:**
বিগত ১৪/১২/২০২৫ তারিখে অনুষ্ঠিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
**০৩। আলোচ্যসূচি-০২: প্রকল্প ও উন্নয়ন সহায়তার অগ্রগতি পর্যালোচনা:**

| ক্রম | আলোচ্য বিষয় | পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩.১ | এডিপিভুক্ত প্রকল্প/কর্মসূচি সার্বিক বাস্তবায়ন অগ্রগতি | উপসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন, ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে ৩৩৭.৫৭ কোটি টাকা (জিওবি-**১৩৩.৪৬** কোটি, পিএ-**২০৪.১১** কোটি বরাদ্দ রয়েছে। চলতি অর্থবছরে এডিপিভুক্ত ৮টি প্রকল্প (অনুমোদিত) রয়েছে। এডিপিভুক্ত ৮টি প্রকল্পের মধ্যে ২টি প্রকল্পে চলমান এডিপিতে কোনো বরাদ্দ নেই, অবশিষ্ট ৬টি প্রকল্পে বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দ হতে মোট ৩৭৪২.০৮ লক্ষ টাকা অবমুক্ত হয়েছে। মোট ব্যয়ের পরিমাণ ৭৬৭৪.৬৪ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ৬.২৫%; গড় জাতীয় অগ্রগতি ১৭.৫৪%। আমরা গড় জাতীয় অগ্রগতি হতে পিছিয়ে আছি। অত:পর তিনি প্রকল্পওয়ারি অগ্রগতি বিষয়ে উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালকদের আহবান জানান। | | |
| | পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প | ক) পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের পরিচালক জানান, ২০২৫-২০২৬ অর্থবছরের ৫০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দকৃত অর্থ হতে ২য় কিস্তির অর্থ অবমুক্ত করা হয়েছে। ডিসেম্বর/২০২৫ পর্যন্ত আর্থিক অগ্রগতি (২৪%) ১২৩৬.০০ লক্ষ টাকা । এছাড়া, প্রকল্পটি জুন/২০২৬ শেষ হবে। নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সমাপ্ত করা সম্ভব হবে না। প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০২ (দুই) বছর মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। | ক) পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের অনুকূলে ২য় কিস্তিতে অবমুক্তকৃত অর্থ দ্রুত ব্যয় করতে হবে এবং প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০২ (দুই) বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পিএসসিতে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং প্রকল্প শেষ হওয়ার অন্তত ০৩ মাস পূর্বে সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে । | ক) প্রকল্প পরিচালক ও পরিকল্পনা-১ শাখা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | Climate Resilient Livelihood Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT) Sector Project (LGED-Part) শীর্ষক প্রকল্প | খ) Climate Resilient Livelihood Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT) Sector Project (LGED-Part) শীর্ষক প্রকল্পের বিষয়ে উক্ত প্রকল্পে কর্মরত সিনিয়র সহকারী প্রকৌশলী জানান, চলতি অর্থবছরে বরাদ্দকৃত ৫৫৬৭.০০ লক্ষ টাকা হতে ১ম ও ২য় কিস্তিতে ২৩৮৫.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। ডিসেম্বর/২০২৫ পর্যন্ত আর্থিক অগ্রগতি ২৩৮৫.০০ (৪২.৮৪%) লক্ষ টাকা। চলতি অর্থবছরে ক্রয় পরিকল্পনাতে ৬টি দরপত্রের মধ্যে ২টি দরপত্র আহবান ও ১টি কার্যাদেশ প্রদান করা হয়েছে। এ বিষয়ে উপসচিব (উন্নয়ন) দ্রুত দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অভিমত ব্যক্ত করেন। | খ) চলমান কার্যক্রমের মনিটরিং বৃদ্ধি করতে হবে এবং ক্রয় পরিকল্পনা অনুযায়ী দ্রুত দরপত্র কোটেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং সমাপ্ত কার্যক্রমের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | খ) প্রকল্প পরিচালক, (CRLIWM-CHT) Sector Project (LGED Part, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি ও পরিকল্পনা-১ শাখা |
| | Climate Resilient Livelihoods Improvement and Watershed Management in the CHT (CRLIWM-CHT) Sector Project (CHTRC Part) শীর্ষক প্রকল্প | গ) Climate Resilient Livelihoods Improvement and Watershed Management in the CHT (CRLIWM-CHT) Sector Project (CHTRC Part) শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, Consultancy Firm, Community Infrastructure, Watershed Management এবং Agriculture NGO সমূহ নিয়োগ না হওয়ায় মাঠ পর্যায়ে Construction কাজ করা সম্ভব নয়। তাই অগ্রগতি কম হচ্ছে। আলোচ্য প্রকল্পে চলতি অর্থবছরে ১৭২৯৬.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। ডিসেম্বর/২০২৫ পর্যন্ত আর্থিক অগ্রগতি (১৩০৪.৭৯ লক্ষ টাকা) (৭.৫৪%)। সভাপতি বলেন, প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় চাহিদাকে গুরুত্ব দিতে হবে। চাহিদার ভিত্তিতে প্রকল্পের কার্যক্রম গ্রহণ করতে হবে। উপসচিব (উন্নয়ন) দ্রুত কোটেশন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অভিমত ব্যক্ত করেন। | গ) বিধি মোতাবেক Consultancy Firm, Community Infrastructure, Watershed Management এবং Agriculture NGO-সমূহ দ্রুত নিয়োগ করতে হবে এবং স্থানীয় চাহিদাকে গুরুত্ব দিয়ে প্রকল্পের কার্যক্রম গ্রহণ করতে হবে এবং দ্রুত কোটেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | গ) প্রকল্প পরিচালক, (CRLIWM-CHT) Sector Project (CHTRC) Part, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি ও পরিকল্পনা-১ শাখা |
| | পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র্য বিমোচন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প | ঘ) "পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র্য বিমোচন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি ডিসেম্বর/২০২৫ সমাপ্ত হয়েছে। প্রকল্পটির ভৌত অগ্রগতি ৬৮% এবং আর্থিক অগ্রগতি ৫২.৮৮%। এ প্রকল্পের অনুকূলে ১ম-৪র্থ কিস্তিতে ১৯৫.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। ডিসেম্বর/২০২৫ পর্যন্ত আর্থিক অগ্রগতি (১৯০.৯১ লক্ষ টাকা) (৯৭.৯০%) ।তিনি আরও জানান, প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পাদনের জন্য মার্চ/২০২৭ পর্যন্ত ব্যয় ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির জন্য আইএমইডিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রকল্প চলমানকালে প্রকল্পের মাধ্যমে পার্বত্য এলাকায় কি পরিমান জমিতে তুলা চাষ বৃদ্ধি পেয়েছে এবং কি কি নতুন জাতের সম্প্রসারণ হয়েছে, এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি প্রকল্প পরিচালকের নিকট জানতে চান। | ঘ.১) "পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র্য বিমোচন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মার্চ/২০২৭ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির জন্য আইএমডিতে যোগাযোগ অব্যাহত রাখতে হবে ।<br>ঘ.২) প্রকল্প চলমানকালে প্রকল্পের মাধ্যমে পার্বত্য এলাকায় কি পরিমান জমিতে তুলা চাষ বৃদ্ধি পেয়েছে এবং কি কি নতুন জাতের সম্প্রসারণ হয়েছে সে বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | ঘ) প্রকল্প পরিচালক ও পরিকল্পনা-২ শাখা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | "পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (২য় পর্যায়)" প্রকল্প | চ) "পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্পের (২য় পর্যায়)" বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, চলতি অর্থবছরে ৩০৫২.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। উক্ত বরাদ্দ হতে ১ম ও ২য় কিস্তিতে ৪৫৪.৬৩ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। ডিসেম্বর/২০২৫ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৩০২.২০ (৯.৯০%) লক্ষ টাকা । উপদেষ্টা মহোদয় প্রকল্পের Phase-out বিষয়ে এবং প্রকল্পের অন্যান্য সমস্যাসমূহ নিরসনের বিষয়ে প্রকল্প পরিচালকে অবহিত করেন। উপসচিব (উন্নয়ন) জানান যে, ৩৫টি দরপত্রের মধ্যে ৬টি দরপত্র আহবান হয়েছে। তিনি দ্রুত দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অভিমত ব্যক্ত করেন। প্রকল্পটির পূর্ণকালীন প্রকল্প পরিচালক ও উপ প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সভায় আলোচনা করেন। উপসচিব (পরিকল্পনা-১) জানান, প্রকল্পে একজন পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রয়েছে। | চ.১) প্রকল্প শুরুর আগের বিগত ২ বছরের বিদ্যুৎ বিল, অফিস ভাড়া প্রদানের বিষয়ে পিএসসি গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>চ.২) পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্পে একজন পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>চ.৩) দ্রুত দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | চ.১) প্রকল্প পরিচালক<br><br>চ.২) পরিকল্পনা-২ শাখা |
| | রাঙ্গামাটি পার্বত্য জেলার যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে প্রত্যন্ত এলাকায় সংযোগ সড়কসহ আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণ শীর্ষক প্রকল্প | ছ) রাঙ্গামাটি পার্বত্য জেলার যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে প্রত্যন্ত এলাকায় সংযোগ সড়কসহ আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণ শীর্ষক প্রকল্পের বিষয়ে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ভাইস চেয়ারম্যান জানান, আলোচ্য প্রকল্পে চলতি অর্থবছরে ১৩৬০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। উক্ত বরাদ্দ হতে ১ম ও ২য় কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ডিসেম্বর/২০২৫ পর্যন্ত কোন অর্থ ব্যয় হয়নি। সভাপতি দ্রুত অর্থ ছাড়ের বিষয়ের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | ছ) ১ম ও ২য় কিস্তির অর্থ দ্রুত অবমুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ছ) প্রকল্প পরিচালক/ পরিকল্পনা-২ শাখা |
| | বান্দরবান জেলার উপজেলাগুলোতে বিভিন্ন প্রযুক্তির মাধ্যমে সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ শীর্ষক প্রকল্প | জ) বান্দরবান জেলার উপজেলাগুলোতে বিভিন্ন প্রযুক্তির মাধ্যমে সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ শীর্ষক প্রকল্পের বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করে বলেন, এ প্রকল্পে চলতি অর্থবছরে ১২৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। সংশোধিত বাজেটে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অর্থ অবমুক্তির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। ইতোমধ্যে মন্ত্রণালয় হতে ১ম ও ২য় কিস্তিতে অবমুক্তকৃত ৬০০.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। ডিসেম্বর/২০২৫ পর্যন্ত আর্থিক অগ্রগতি (২৪%) ৩০০.০০ লক্ষ টাকা । অবশিষ্ট অর্থ ব্যয়ের কার্যক্রম চলমান রয়েছে। | জ) সংশোধিত বাজেটে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অর্থ অবমুক্তির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | জ) প্রকল্প পরিচালক ও পরিকল্পনা-১ শাখা। |
| ৩.২ | ২০২৫-২০২৬ অর্থবছরে ৩টি উন্নয়ন সহায়তার আওতায় গৃহীত নতুন স্কিমসহ চলমান স্কিমের বাস্তবায়ন অগ্রগতি | ক.১) ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০) আওতায় ৩৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। উক্ত বরাদ্দ হতে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের অনুকূলে ১০৬০০.০০ লক্ষ টাকা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের অনুকূলে ৭৫২৫.০০ লক্ষ টাকা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদের অনুকূলে ৭২৮৫.০০ লক্ষ টাকা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের অনুকূলে ৭২৮৫.০০ লক্ষ টাকা এবং মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন স্কিমের অনুকূলে ৩০৫.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দ অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ হতে স্কিম গ্রহণ করা হয়েছে। উপসচিব (উন্নয়ন) সভায় জানান যে, চলমান অর্থবছরে নতুন ৪৮২টি {(১) পাচউবো-৩৪, প্রাপ্ত-২৯, অনুমোদন-০, উপস্থাপন-০ (২) রাপাজেপ-১০৬, প্রাপ্ত-১০৬, অনুমোদন-১০৫, উপস্থাপন-১০৫ (৩) বাপাজেপ-২১১, প্রাপ্ত-২১১, উপস্থাপন-৩, অনুমোদন-২০৮ (৪) খাপাজেপ-১৩১, প্রাপ্ত-১৩১, অনুমোদন-১৩০, উপস্থাপন-১} স্কিম গ্রহণ করা হয়েছে। উপসচিব (উন্নয়ন) বলেন, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০) আওতায় ১ম ও ২য় কিস্তির অর্থ অবমুক্তকৃত অর্থ দ্রুত ব্যয় করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০) এর আওতায় বরাদ্দকৃত অর্থ হতে ১ম ও ২য় কিস্তিতে অবমুক্ত অর্থ BIP অনুযায়ী ব্যয় করতে হবে। | ক.১.১) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি, বান্দরবান খাগড়াছড়ি এবং উন্নয়ন শাখা, পাচবিম<br><br>ক.১.২) উপসচিব (উন্নয়ন), পাচবিম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০) এর আওতায় স্কীম গ্রহণ | ক.২) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০) এর আওতায় স্কিম গ্রহণের বিষয়ে উপদেষ্টা মহোদয় আগামী ২০২৬-২০২৭ অর্থ বছরের স্কিমের তালিকা ৩০ জুন/২০২৬ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। | ক.২) আগামী ২০২৬-২০২৭ অর্থ বছরের স্কিমের তালিকা ৩০ জুন/২০২৬ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ক.২) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি, বান্দরবান /খাগড়াছড়ি এবং উন্নয়ন শাখা, পাচবিম |
| | পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা (কোড নং ২২১০০১০০০) এর অর্থ ছাড় ও ব্যয় | খ) পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা (কোড নং ২২১০০১০০০) এর আওতায় ১০০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। উক্ত বরাদ্দ হতে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে ৩৩০০.০০ লক্ষ টাকা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে ৩৪০০.০০ লক্ষ টাকা এবং বান্দরবান পার্বত্য জেলা পরিষদে ৩৩০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দের আওতায় খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদের অনুকূলে ১ম ও ২য় কিস্তির অর্থ অবমুক্ত করা হয়েছে। | খ) পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা (কোড নং ২২১০০১০০০) এর আওতায় বরাদ্দকৃত অর্থের ১ম ও ২য় কিস্তিতে অবমুক্তকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে। | খ) পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান /খাগড়াছড়ি এবং উন্নয়ন শাখা, পাচবিম |
| | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড-২২১০০১১০০)-এর অর্থ ছাড় ও ব্যয় | গ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড-২২১০০১১০০)-এর আওতায় ১০০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। উক্ত বরাদ্দের আওতায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর অনুকূলে ১ম ও ২য় কিস্তির অর্থ অবমুক্ত করা হয়েছে। | গ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড-২২১০০১১০০)-এর আওতায় বরাদ্দকৃত অর্থের ১ম ও ২য় কিস্তিতে অবমুক্তকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে। | গ) উপসচিব (উন্নয়ন), পাচবিম, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড |
| ৩.৩ | পিএল একাউন্ট সৃজন | চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে অর্থছাড়ের ক্ষেত্রে জটিলতা রোধের জন্য অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ বাজেটে বর্ণিত ৩টি উন্নয়ন সহায়তার অর্থ পিএল একাউন্টের মাধ্যমে পরিচালনা করবে। জরুরিভিত্তিতে পিএল একাউন্ট খোলার জন্য গুরুত্বারোপ করা হয়। উপসচিব (উন্নয়ন) বলেন, পিএল একাউন্ট সৃজনের জন্য পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, তিন পার্বত্য জেলা পরিষদ, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ হতে প্রাপ্ত পিএল একাউন্ট সৃজনের প্রস্তাব ইতোমধ্যে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় হতে সিএএন্ডএফও বরাবর প্রেরণ করা হয়েছে। সভাপতি সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক পিএল একাউন্ট সৃজনের বিষয়টি তদারকি করার নির্দেশনা প্রদান করেন। | চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপিভুক্ত প্রকল্প/উন্নয়ন সহায়তার অর্থছাড়ের ক্ষেত্রে জটিলতা রোধের জন্য অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড,বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের অনুকূলে পিএল একাউন্ট সৃজন করতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক পিএল একাউন্ট সৃজনের বিষয়টি তদারকি করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ। |
| ৪ | **বিবিধ** | | | |
| | ৪.১ পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা কোড-২২১০০১০০০ এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা কোড-২২১০০১১০০ কোডের গাইডলাইন প্রস্তুত। | ৪.১ অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা ২২১০০০৯০০ কোডের জন্য ‘স্কিম প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন ও বাস্তবায়ন সম্পর্কিত গাইডলাইন-২০২২’ রয়েছে। কিন্তু কোড ২২১০০১০০০ এবং কোড-২২১০০১১০০ এর আওতায় স্কিম প্রণয়ন ও ব্যয় সংক্রান্ত কোন গাইডলাইন নেই। এ অর্থবছরে উন্নয়ন সহায়তার আওতায় অর্থ অবমুক্তির প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে বিভিন্ন জটিলতা তৈরি হয়। অর্থ মন্ত্রণালয়ে যোগাযোগ করা হলে সংশ্লিষ্ট শাখা ২২১০০০৯০০ কোডের গাইডলাইনের আলোকে কোড-২২১০০১১০০ এবং কোড ২২১০০১০০০ এর গাইডলাইন প্রণয়নের জন্য মতামত প্রদান করেন। সচিব মহোদয় তিন পার্বত্য জেলা পরিষদ হতে কোড ২২১০০১০০০ ‘স্কিম প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন ও বাস্তাবায়ন সম্পর্কিত গাইডলাইন (খসড়া) এবং পার্বত্য উন্নয়ন বোর্ড হতে কোড-২২১০০১১০০ কোডের জন্য ‘স্কিম প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন ও বাস্তাবায়ন সম্পর্কিত গাইডলাইন (খসড়া) প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ ও মন্ত্রণালয় কর্তৃক যাচাইবাছাইপূর্বক চূড়ান্ত গাইডলাইন তৈরীর বিষয়ে অভিমত ব্যক্ত করেন। | ৪.১.ক: ফেব্রুয়ারি/২০২৬ মাসে অনুষ্ঠিতব্য উন্নয়ন সমন্বয় সভায় তিন পার্বত্য জেলা পরিষদ কর্তৃক ২২১০০১০০০ কোডের ‘স্কিম প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন ও বাস্তবায়ন সম্পর্কিত গাইডলাইন (খসড়া) প্রস্তুতপূর্বক উপস্থাপন করতে হবে।<br><br>৪.১.খ: ফেব্রুয়ারি/২০২৬ মাসে অনুষ্ঠিতব্য উন্নয়ন সমন্বয় সভায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক কোড-২২১০০১১০০ কোডের ‘স্কিম প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন ও বাস্তবায়ন সম্পর্কিত গাইডলাইন (খসড়া) প্রস্তুতপূর্বক উপস্থাপন করতে হবে। | ৪.১.ক: রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও উন্নয়ন শাখা।<br><br>৪.১.খ: পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও উন্নয়ন শাখা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৪.২ অর্থ বিভাগ হতে প্রদত্ত শর্তাবলী প্রতিপালন। | ৪.২: উপসচিব (উন্নয়ন) অর্থ বিভাগ, রঅথ মন্ত্রণালয়রে বাজেট-১৮ অধিশাখার ১০/১২/২০২৫ তারিখের ০৭.০০.০০০০.০০০.১১৮.১৪.০০২৪.২০.৬৫ নম্বর স্মারক এবং ০৭/১২/২০২৫ তারিখের ০৭.০০.০০০০.০০০.১১৮.১৪.০০৫১.২৩.৬৪ নম্বর স্মারকে উল্লিখিত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ৪.২: অর্থ বিভাগ, রঅথ মন্ত্রণালয়রে বাজেট-১৮ অধিশাখার ১০/১২/২০২৫ তারিখের ০৭.০০.০০০০.০০০.১১৮.১৪.০০২৪.২০.৬৫ নম্বর স্মারক এবং ০৭/১২/২০২৫ তারিখের ০৭.০০.০০০০.০০০.১১৮.১৪.০০৫১.২৩.৬৪ নম্বর স্মারকে উল্লিখিত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে। | রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ |
| | ৪.৩ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় হতে অবমুক্ত অর্থ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় হতে অথোরাইজেশন প্রদান । | ৪.৩: অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের প্রায় ০৬ মাস অতিবাহিত হয়েছে। কিন্তু চলমান প্রকল্প/উন্নয়ন সহায়তা আর্থিক অগ্রগতি মাত্র ৬.২৫ %; জাতীয় গড় অগ্রগতি ১৭.৫৪ %, যা জাতীয় অগ্রগতির তুলনায় ১১.২৯ শতাংশ পয়েন্ট কম। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় হতে অর্থ অবমুক্তির সরকারি আদেশ জারি (জিও) হলেও চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় হতে পৃষ্ঠাংকন/ অথোরাইজেশন প্রদানের ক্ষেত্রে বিলম্ব পরিলক্ষিত হয়। ফলে মন্ত্রণালয়ের কাঙ্ক্ষিত অর্থ ব্যয় করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়কে দ্রুত অথোরাইজেশন প্রদানের বিষয়ে অভিমত ব্যক্ত করেন। উপসচিব (উন্নয়ন) জানান, আইএমইডিতে প্রতিমাসে এ মন্ত্রণালয়ের চলমান প্রকল্প/উন্নয়ন সহায়তার আওতায় ব্যয়ের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়। ফলে জাতীয় অগ্রগতির সাথে সঙ্গতি রেখে যাতে প্রকল্পের ব্যয় করা যায় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া, এ বিষয়ে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অর্থ বিভাগ, আইবাস++ এবং এ মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি সভা আহবান করা যেতে পারে। | ৪.৩.১: পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় হতে অর্থ অবমুক্তির সরকারি আদেশ (জিও) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় হতে দ্রুত পৃষ্ঠাংকন/অথোরাইজেশন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪.৩.২: চলমান প্রকল্প/উন্নয়ন সহায়তার আওতায় অর্থ ব্যয়ের জটিলতা নিরসনের নিমিত্ত চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অর্থ বিভাগ, আইবাস++ এবং এ মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি সভা আহবান করতে হবে। | ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।<br>২। উপসচিব, পরিকল্পনা-১ শাখা/উন্নয়ন, পাচবিম। |
| | ৪.৪ বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অননুমোদিত প্রকল্পের তালিকা সংক্রান্ত | ৪.৪: অতিরিক্ত সচিব (উন্নয়ন) আরএডিপির সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পগুলি যথাশীঘ্র অনুমোদনের লক্ষ্যে ডিপিপি প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। যেসব প্রকল্প মন্ত্রণালয়ে বা পরিকল্পনা কমিশনে রয়েছে সেগুলো দ্রুত প্রক্রিয়াকরণপূর্বক অনুমোদনের ব্যবস্থা নিতে হবে মর্মে সভায় দিকনির্দেশনা দেয়া হয়। এছাড়া প্রয়োজনীয়তার নিরিখে নতুন প্রকল্পও গ্রহণ করতে হবে। উপসচিব উন্নয়ন বলেন, সবুজ পাতায় অন্তর্ভুক্ত যেসব প্রকল্প অর্থায়নের জন্য অর্থ মন্ত্রণালয়ে রয়েছে সেগুলোর বিষয়ে যোগাযোগ করতে হবে। | ৪.৪. আরএডিপির সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পগুলি যথাশীঘ্র অনুমোদনের লক্ষ্যে ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং যেসব প্রকল্প অর্থ মন্ত্রণালয়ে বা পরিকল্পনা কমিশনে রয়েছে সেগুলো দ্রুত প্রক্রিয়াকরণপূর্বক অনুমোদনের ব্যবস্থা নিতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ, পাচবিম, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙামাটি/ খাগড়াছড়ি/ বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও পরিকল্পনা-১/২ শাখা। |
| | ৪.৫ ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি। | ভারতপ্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স চেয়ারম্যান মহোদয় জানান, পার্বত্য অঞ্চলে স্বল্প মেয়াদী ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা করে সে মোতাবেক প্রকল্প/কর্মসূচি গ্রহণ করতে হবে। ভারত প্রত্যাগত শরণার্থীদের নিয়ে জেলা পরিষদ কিংবা উন্নয়ন বোর্ড কর্তৃক কোন স্কিম নেয়া যায় কিনা সে বিষয়ে সংশ্লিষ্টদের অবহিত করেন। | ভারত প্রত্যাগত শরণার্থীদের নিয়ে জেলা পরিষদ কিংবা উন্নয়ন বোর্ড কর্তৃক স্কিম গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙামাটি/ খাগড়াছড়ি/ বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত টাস্কফোর্স। |
| | ৪.৬ পার্বত্য অঞ্চলে ইদুর বন্যা সংক্রান্ত। | উপদেষ্টা মহোদয় এবং রাঙ্গামাটি জেলা পরিষদের চেয়ারম্যান জানান, পার্বত্য অঞ্চল কৃষি জন্য অপার সম্ভাবনাময় অঞ্চল তবে ইদানিংকালে ইদুরের প্রকোপ দিন দিন বাড়ছে। ইদুর বন্যার বিষয়ে উদ্বেগ প্রকাশ করেন। এ বিষয়ে খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ হতে প্রয়োজনীয় উদ্যোগ নেয়া প্রয়োজন। | পার্বত্য অঞ্চলে ইদুর বন্যার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | রাঙামাটি/ খাগড়াছড়ি/ বান্দরবান পার্বত্য জেলা পরিষদ |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৪.৭ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা ২২১০০০৯০০ কোডের আওতায় বাস্তবায়নাধীন স্কীমের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিতকরণ। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা ২২১০০০৯০০ কোডের আওতায় বাস্তবায়নাধীন স্কীমসমূহের বাস্তবায়ন কার্যক্রম তদারকির জন্য মাননীয় উপদেষ্টা নির্দেশনা দেন। তিনি মাঠ পর্যায়ে পরিদর্শনে গিয়ে স্কিমগুলোর বাস্তবায়ন কার্যক্রম সরেজমিনে তদারকির ওপর জোর দেন। এছাড়া, ৫ কোটি টাকার উর্ধ্বে ব্যয়ের স্কীমসমূহ মন্ত্রণালয়ে একটি স্টিয়ারিং কমিটি গঠন করে কমিটির সভায় পর্যালোচনা করা হলে স্কীমগুলোর বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত হবে মর্মে তিনি উল্লেখ করেন। | ক) মন্ত্রণালয়ের কর্মকর্তাদেরকে বাস্তবায়নাধীন স্কীমসমূহ সরেজমিনে নিয়মিতভাবে পরিদর্শণ করতে হবে।<br>খ) ৫ কোটি টাকার উর্ধ্বে ব্যয়ের স্কীমগুলোর বাস্তবায়ন কার্যক্রম পর্যালোচনার জন্য মন্ত্রণালয়ের একটি কমিটি গঠন করতে হবে। কমিটি প্রতি ৩ মাস অন্তর সভা আয়োজন করে পর্যায়ক্রমে স্কীমগুলোর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে। | ১। উপসচিব (উন্নয়ন), পাচবিম<br>২। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ। |

০৫। সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে গৃহীত সকল উন্নয়নমূলক কর্মকান্ড যথাযথভাবে সম্পাদনের আহবান ও ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভা সমাপ্ত হয়।

সংযুক্তি: হাজিরা পরিশিষ্ট-ক

**সংযুক্তিঃ**

(১) হাজিরা পরিশিষ্ট-ক

১৫-০২-২০২৬
মোহাম্মদ মিজানুর রহমান
সচিব

তারিখ: ২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৯.০০.০০০০.০০০.২২৫.০৬.০০০১.১৯.১৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পন কমিশন।
৩। সদস্য (সিনিয়র সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান পরিকল্পনা কমিশন।
৪। চেয়ারম্যান(সিনিয়র সচিব পদমর্যাদা), ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
৫। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৬। সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
৭। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৮। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৯। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
১০। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর , পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড।
১১। সিজিএ, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়।
১২। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
১৪। প্রধান স্থপতি, প্রধান স্থপতির দপ্তর, স্থাপত্য অধিদপ্তর।
১৫। প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
১৬। প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
১৭। চেয়ারম্যান, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি, পার্বত্য জেলা পরিষদ।।
১৮। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। ভাইস-চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড।

২০। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়- রাঙ্গামাটি।
২১। পরিচালক, পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স, বেইলি রোড, ঢাকা।
২২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৩। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
২৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও প্রকল্প পরিচালক, 'বান্দরবান জেলায় উপজেলাগুলোতে বিভিন্ন প্রযুক্তির মাধ্যমে সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ' শীর্ষক প্রকল্প।
২৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
২৬। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৭। নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
eokhdc@gmail.com।
২৮। উপপরিচালক, পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স, বেইলি রোড, ঢাকা (সভা চলাকালীন সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
২৯। সদস্য-বাস্তবায়ন ও প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান-২য় পর্যায় প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড।
৩০। প্রকল্প পরিচালক, Climate Resilient Livelihoods Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT) (CHTRC Part), রাঙ্গামাটি।
৩১। প্রকল্প পরিচালক, Climate Resilient Livelihoods Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT) (LGED Part), আগারগাঁও, ঢাকা।
৩২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩৩। নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৩৪। নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
৩৫। নির্বাহী প্রকৌশলী (ভারপ্রাপ্ত) (ভারপ্রাপ্ত), প্রকৌশল বিভাগ, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
৩৬। নির্বাহী প্রকৌশলী, ইউনিট অফিস, খাগড়াছড়ি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড।
৩৭। নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, ইউনিট অফিস, বান্দরবান, প্রকল্প পরিচালক, 'বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ'/'বান্দরবান জেলায় বোর্ড কর্তৃক নির্মিত পল্লী সড়ক উন্নয়ন" শীর্ষক প্রকল্প।।
৩৮। নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল শাখা, রাঙ্গামাটি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক, 'রাঙ্গামাটি পার্বত্য জেলার যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে প্রত্যন্ত সংযোগ সড়কসহ আরসিসি গার্ডার ব্রিজ নির্মাণ' শীর্ষক প্রকল্প।
৩৯। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাঙ্গামাটি।
৪০। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বান্দরবান।
৪১। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি।
৪২। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত বিভাগ, রাঙ্গামাটি।
৪৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
৪৪। জনসংযোগ কর্মকর্তা, উপদেষ্টার দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং
৪৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড ের অনুরোধসহ)।

১৬-০২-২০২৬
মোঃ সালাহ্উদ্দীন
উপসচিব